# জুলাই/২০২৩ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ কমিটির মাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি ঃ আনোয়ারুল ইসলাম
চেয়ারম্যান,
উপজেলা পরিষদ
কাউনিয়া, রংপুর।
তারিখ ঃ ১৩/০৭/২০২৩খ্রি.।
সময় ঃ দুপুর ১২:০০ ঘটিকা ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ ।
আলোচ্য মাস: ঃ জুন/২০২৩খ্রি. ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "ক"
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা পরিষদ কমিটি মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার, কাউনিয়া, রংপুর গত ১২/০৬/২০২৩খ্রি. তারিখের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। পাঠ শেষে কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অত:পর সভার নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত :

| ক্র:ম | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | স্থায়ী কমিটির নিয়মিত সভা সম্পর্কিত আলোচনা ও সিদ্ধান্ত : | স্থায়ী কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হয়। সভায় কোন বিভাগের স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী দাখিল করেননি। | পরবর্তী সভায় স্থায়ী কমিটির সভার কার্যবিবরণীসহ উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। |
| ০২. | ইউনিয়ন/ওয়ার্ড সভা সম্পর্কিত আলোচনা । | ইউনিয়ন কমিটির সভা সম্পর্কিত আলোচনা করা হলে সভায় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ জানান ইউনিয়ন/ওয়ার্ড সভা অনুষ্ঠিত হয়েছে কিন্তু কোন ইউপি থেকে সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। | আগামী সভায় ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী সহ উপস্থিত থাকার জন্য সকল চেয়ারম্যানকে অনুরোধ করা হলো। |
| ০৩. | উপজেলার ইউনিয়ন পরিষদে UDC গুলির আয়ের তথ্য আপলোড এবং ওয়েব পোর্টালের তথ্য হালনাগাদ করন: | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলির তথ্য বিষয়ে চেয়ারম্যানগণের নিকট জানতে চাওয়া হলে তারা জানান UDC গুলির কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | হারাগাছ পৌরসভা ও ইউনিয়ন পরিষদ সমূহের UDC গুলো তদারকি জন্য করার জন্য বলা হলো। |

বিভাগ ওয়ারি আলোচনা:

১.উপজেলা স্বাস্থ্য বিভাগ:

| ক্র:নং | আলোচ্য সূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা বলেন যে, বিভাগীয় কার্যকক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

২.উপজেলা কৃষি বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ২. | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা কৃষি অফিসার বলেন যে, রোপা আমনধানের বীজতলা থেকে রোপন কার্যক্রম চলমান । রোপা আমনে স্বল্প জীবনকালীন ধানের জাত সম্প্রসারন করা হয়েছে। এই ধানের পরপরই সরিষার আবাদ বৃদ্ধির লক্ষমাত্রা নিয়ে কাজ করা হচ্ছে। সার পরিস্থিতি সন্তোষক রয়েছে । অন্যান্য উৎপাদন কাঙ্খিত মাত্রায় হচ্ছে । প্রকল্পভিত্তিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা অফিসার,কৃষি কর্মকর্তা, কাউনিয়া, রংপুর |

৩. উপজেলা প্রাণী সম্পদ বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা প্রাণী সম্পদ অফিসার বলেন যে বর্তমানে সারাদেশের ন্যায় কাউনিয়া উপজেলায় কিছু কিছু এলাকায় গবাদিপশুর Lumpy Skin Disease (LSD)দেখা দিয়েছে। যা প্রতিরোধ ও প্রতিকারের ঔষধের চাহিদা অনেক। তিনি জানান এ রোগের ঔষধ জরুরী ভিত্তিতে খামারীদের দিতে না পারলে গরুর খামারীরা ক্ষতিগ্রস্ত হবে। তিনি রাজস্ব তহবিল হতে প্রতিরোধ ও প্রতিকারে ঔষধ ক্রয়ের বরাদ্দ প্রদানের জন্য অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলার সকল ইউনিয়নের গরু খামারী/গরু মালিকদের মাঝে(Lumpy Skin Disease(LSD) রোগের ঔষধ ক্রয়ের জন্য উপজেলা উন্নয়ন তহবিল হতে =২৫,০০০/-(পঁচিশ হাজার)টাকা ভাউচারমূলে ঔষধ ক্রয়ের জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা কাউনিয়া বরাবর চেক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, কাউনিয়া, রংপুর। |

৪. মৎস্য বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | মে /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মৎস্য অফিসার বলেন যে, অবৈধ চায়না রিংজালের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে । এখন পর্যন্ত মোট ৭২ টি চায়না রিং জাল জব্দ করে পুরিয়ে বিনষ্ট করা হয়েছে । আগামী জুলাই মাসে জাতীয় মৎস্য সপ্তাহ -২০২৩ উদযাপিত হবে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | জাতীয় মৎস্য সপ্তাহ সফলভাবে উদযাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার , কাউনিয়া, রংপুর। |

৫. উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

<table>
<tr><td rowspan="2">৫.</td><td rowspan="2">জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা</td><td>
<table>
<tr><td rowspan="2">মাসের নাম</td><td colspan="3">অস্থায়ী পদ্ধতি</td><td colspan="2">দীর্ঘমেয়াদী পদ্ধতি</td><td colspan="2">স্থায়ী পদ্ধতি</td><td rowspan="2">সর্বমোট</td></tr>
<tr><td>খাবার বড়ি</td><td>কনডম</td><td>ইনজেকটেবলস</td><td>IUD</td><td>ইমপ্ল্যানন</td><td>পুরুষ</td><td>মহিলা</td></tr>
<tr><td>জুন/২০২৩</td><td>৬১৫</td><td>৬৪</td><td>৫৯৭</td><td>১২</td><td>৪৪</td><td>০৪</td><td>০৭</td><td>১৩৪৩</td></tr>
</table>
</td><td rowspan="2">উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার কাউনিয়া, রংপুর।</td></tr>
<tr><td>১। করোনা দুর্যোগকালীন UH@FWC/ গুলোতে স্বাভাবিক সেবার সাথে সাথে করোনা প্রতিরোধে স্বাস্থ্য সচেতনতামূলক বিশেষ ব্যবস্থাসহ ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা অব্যাহত আছে।<br>২। বাড়ি বাড়ি পরিদর্শনের সময় নিজস্ব নিরাপত্তা নিশ্চিত করাসহ পরিবার পরিকল্পনা পদ্ধতির উপকরণ বিতরণ ও জনগণকে সচেতন করতে সকল পরিবার কল্যাণ সহকারি ওয়ার্ড পর্যায়ে ও পরিবার পরিকল্পনা পরিদর্শক ইউনিয়ান পর্যায়ে ভূমিকা পালন করছেন।<br>৩। করোনা প্রতিরোধে সরকার কর্তৃক অর্পিত যেকোন দায়িত্ব যথাযথভাবে পালনের তাগিদ প্রদান করা হয়েছে ।<br>৪। আবাসন/আশ্রয়ন/গুচ্ছগ্রাম- এ এসপিআই,এফডাব্লিউ ভি ও এফ ডাব্লিউ এ কর্তৃক প্রতিমাসে কার্যক্রম চলমান রয়েছে।<br>৫। বিভাগীয় মাসিক সমন্বয় সভায় দাপ্তরিক দিক নির্দেশনা প্রদান করা হয়েছে।</td></tr>
</table>

৬.উপজেলা প্রকৌশল বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৬ | জুন/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, কাউনিয়া বাসষ্ট্যান্ড হতে তকিপল হাট পর্যন্ত ড্রেণ নির্মাণের জন্য ৪০.০০,০০০/-(চল্লিশ লক্ষ)টাকা উপজেলা উন্নয়ন তহবিল হতে বরাদ্দ প্রদানের জন্য সভায় অনুরোধ করেন।<br>উপজেলা পরিষদ চত্বরে নিরাপত্তা নিয়োজিত আনসার সদস্যদের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যারাক নির্মাণ করা হলেও বিদ্যুৎ লাইন,পানির ট্যাংকি,ফ্যান সেটিং এবং রান্নাঘরে পাকঘর ব্যবস্থা নেই। এগুলো বাস্তবায়ন করা প্রয়োজন। সভায় সিদ্ধান্তের জন্য অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কাউনিয়া বাসষ্ট্যান্ড হতে তকিপল হাট পর্যন্ত ড্রেণ নির্মাণের জন্য উপজেলা উন্নয়ন তহবিল হতে ৪০,০০,০০০/-(চল্লিশ লক্ষ) টাকা ই-দরপত্রের মাধ্যমে বাস্তবায়নের জন্য অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>উপজেলা পরিষদ চত্বরে নিয়োজিত আনসার সদস্যগণের কবাসের জন্য মালামালের প্রাক্কলন করে উপজেলা রাজস্ব তহবিল হতে আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | , উপজেলা প্রকৌশলী কাউনিয়া, রংপুর। |

৭.উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৭ | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর। |

৮.উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা শিক্ষা অফিসার বলেন যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা শিক্ষা অফিসার কাউনিয়া, রংপুর |

৯.উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয় জলা পরিষদ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১০. উপজেলা সমাজসেবা বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, সমাজ সেবা অধিদপ্তর পরিচালিত সামাজিক নিরাপত্তা কর্মসূচীর উপকার ভোগীদের ২০২৩-২০২৪ অর্থ বৎসরের ১ম কিস্তির পে-রোল প্রেরনের পূর্বে অর্থাৎ ৩১ আগষ্ট- ২৩ এর মধ্যে ইউনিয়ন / পৌরসভার ওয়ার্ড ভিত্তিক উপকারভোগী উপস্থিতির মাধ্যমে লাইফ ভেরিফিকেশনের বিষয়টি সভায় উপস্থাপন করেন। তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে সার্বিক সহযোগিতার জন্য অনুরোধ করেন। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে সহযোগিতার জন্য অনুরোধ করা হয়। | চেয়ারম্যান, সকল উপজেলা সমাজ সেবা অফিসার ,কাউনিয়া, রংপুর। |

১১. উপজেলা মহিলা বিষয়ক বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | জুন / ২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার কাউনিয়া, রংপুর। |

১২. উপজেলা খাদ্য বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে,.তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কাউনিয়া, রংপুর। |

১৩. উপজেলা সমবায় বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা সমবায় অফিসার বলেন যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার কাউনিয়া, রংপুর। |

১৪. উপজেলা যুব উন্নয়ন বিভাগ:

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজলো যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।তিনি আরো বলেন যে, গত-২০২২-২০২৩ অর্থ বছরে রক্ষণাক্ষেণ অনুযায়ী মোট=প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২১০জন। গত-জুন/২৩ মাস পর্যন্ত মোট ঋণ বিতরণ করা হয়েছে ১৬,৫০,০০০/- টাকা মোট= ঋন গ্রহণকারীর সংখ্যা ৬০ জন।ঋণ আদায়ের হার১০০% এবং ক্রমপুন্জিত ৮৭% । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার কাউনিয়া, রংপুর। |

১৫. উপজেলা বন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫। | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা বন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বনবিভাগ, রংপুর। |

১৬. উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬। | মে /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কাউনিয়া, রংপুর। |

১৮.উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) :

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | জুন /২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প INF-2021-22-558542-01 কাউনিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ে পরীক্ষা কেন্দ্র সমূহের পলিমার হাই-লো বেঞ্চ সরবরাহকরণে স্থায়ী কমিটির প্রস্তাবমতে উপজেলা যাচাই বাছাই কমিটিতে গৃহীত হয়। যা মাসিক সভায় অনুমোদন করার জন্য উপজেলা প্রকৌশলী, কাউনিয়া, রংপুর সভায় উপস্থাপন করেন। মোট বরাদ্দকৃত অর্থ =৪০,০০,০০০/= (চল্লিশ লক্ষ) ভ্যাট ও আয়কর ব্যতীত। | ইউজিডিপি এর আওতায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প কাউনিয়া উপজেলার মাধ্যমিক পর্যায়ে পরীক্ষা কেন্দ্র ও অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে পলিমার হাই-লো বেঞ্চ সরবরাহকরণে প্রকল্পটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | উপজেলা প্রকৌশলী, ও(ইউজিডিপি) কাউনিয়া, রংপুর |

১৮. কাউনিয়া পল্লী বিদ্যুৎ সমিতি ঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| ১১। | জুন/২০২৩ খ্রি. মাসের অগ্রগতি বিষয়ে আলোচনা | অফিসার ইনচার্জ কাউনিয়া থানা বলেন যে, বর্তমানে বিদ্যুতের চাহিদা অনুযায়ী সরবরাহ বরাদ্ধ পাওয়া যাচ্ছেনা । এ জন্য অধিকাংশ সময় লোড ম্যানেজমান্ট ( লোড শেডিং ) এর মাধ্যমে বিদ্যুৎ বিতরন করা হচ্ছে । বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধান ও জনপ্রতিনিধিগনের সার্বিক সহযোগিতা কামনা করছি । | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার / উপজেলা পল্লি বিদ্যুৎ সমিতি,/অফিসার ইনচার্জ কাউনিয়া, থানা রংপুর। |

১। জনাব মোঃ আনছার আলী, চেয়ারম্যান, ০৫নং বালাপাড়া ইউনিয়ন পরিষদ জানান যে, আশ্রয়ন প্রকল্প-২ ঘরের বরাদ্দ আছে কিন্তু অনেকে বসবাস করছেন না। অনেকে ঘরবাড়ী নেই ঘর পাওয়ার জন্য আবেদন করছেন। তিনি যে সকল উপকারভোগী ঘর বরাদ্দ হয়েছে কিন্তু বসবাস করছে না তাদের নামের তালিকা করে নতুন যাদের ঘর নেই তাদের আবেদন বাছাই করে ঘর বরাদ্দ জন্য অনুরোধ করেন।

সিদ্ধান্ত : এ উপজেলায় শহীদবাগ, টেপামধুপুর, হারাগাছ যেকানে এধরনের সমস্যা সৃষ্টি হয়েছে। সেসকল ইউনিয়নের উপকারভোগী ঘর বরাদ্দ হয়েছে কিন্তু বসবাস করছে না তাদের নামের তালিকা করে নতুন করে যাদের ঘর নেই তাদের আবেদন যাচাই-বাছাই করে সরকারি বিধি মোতাবেক ঘর বরাদ্দ প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার,সহকারি কমিশনার(ভূমি)ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। জনাব মোঃ আব্দুল মজিদ, চেয়ারম্যান, কুর্শা ইউনিয়ন পরিষদ বলেন যে, কুর্শা ইউনিয়নে সিংগেরকুড়ায় সমাজ কল্যাণ বিভাগের জায়গা রয়েছে। এতে যুব মহিলাদের কুঠির শিল্প প্রশিক্ষণ সেন্টার করার উপযোগী স্থান। তিনি যুবক/যুবতি মহিলাদের কর্মস্থানের জন্য প্রশিক্ষণ টেনিং সেন্টার করার জন্য অনুমতিসহ বরাদ্দের জন্য সভায় অনুরোধ জানান। তিনি আরো জানান যে, নন ওয়েজ বরাদ্দকৃত টাকা কিভাবে ফেরৎ গেলো কেন বা কি কারনে ফেরৎ গেল সভায় জানার জন্য অনুরোধ জানান।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনা হয়, আলোচনান্তে সিংগেরকুড়ায় সমাজ কল্যাণ বিভাগের জায়গা রয়েছে। বর্তমানে জায়গাটির অবস্থা এবং সমাজ কল্যাণ মন্ত্রণালয়ের অনুমতি সাপেক্ষে কুঠির শিল্প প্রশিক্ষণ টেনিং সেন্টার করা সম্ভব কিনা, উপজেলা সমাজ সেবা অফিসার আগামী সভায় উপস্থাপন করবেন।

এছাড়া নন ওয়েজ বরাদ্দকৃত টাকা কেন ফেরৎ গেল এবিষয়ে সভাপতি জানান যে, উপজেলা উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার ও উপজেলা হিসাব রক্ষণ অফিসারের সাথে আলোচনাক্রমে সিদ্ধান্ত হবে যা আগামী সভায় আলোচনা করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

বিবিধ :

| | | | |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, জনাব মোছাঃ আঙ্গুরা বেগম, মহিলা ভাইস চেয়ারম্যান জুলাই/২২-হতে জুন/২৩ পর্যন্ত ভ্রমণ ভাতা বিল = ১,২৯,০০০/-টাকার বিল দাখিল করেছেন। দাখিলকৃত বিল অনুমোদনের জন্য সভায় পেশ করেন। | সভায় এবিষয়ে আলোচনান্তে মহিলা ভাইস চেয়ারম্যানের জুলাই/২২-জুন/২৩ ১২(বার)মাসের ভ্রমণ বিল ১,২৯,৯০০/- টাকা (এক লক্ষ উনত্রিশ হাজার নয়শত)টাকার বিল রাজস্ব তহবিল হতে পরিশোধের সভায় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও মহিলা ভাইস চেয়ারম্যান |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদ চত্বরে ইতোপূর্বে সিসি ক্যামেরা স্থাপন করা হলেও ক্যামেরাগুলি ঝড়বৃষ্টি এবং অনেকদিন হতে অকোজো অবস্থায় পড়ে থাকার কারনে নষ্ট হয়েছে । উপজেলা পরিষদ চত্বরে নিরাপদ রাখার স্বার্থে,সামনে জাতীয় নির্বাচনসহ অনেক গুরুত্ববহ সার্বিকদিক বিবেচনায় নতুন করে ৩০টি সিসি ক্যামেরা ক্রয় ও স্থাপন করা প্রয়োজন ।তিনি সভায় সিদ্ধান্তের জন্য পেশ করেন। | সভায় এবিষয়ে আলোচনান্তে উপজেলা পরিষদ চত্বরে নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপন করা দরকার। সিসি ক্যামেরা ভালোমানের ক্রয় করে আরএফকিউ মাধ্যমে ক্রয় করে রাজস্ব তহবিল সিসি ক্যামেরা খাত হতে বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী,কাউনিয়া, রংপুর। |
| ৩. | উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি উপজেলা পরিষদে সূচনা থেকে নির্মাণ করা বর্তমানে ভবনটির ছাদ হতে পানি পড়ে।ভবনের ছাদ হতে প্রতিনিয়ত ইটসুড়কি খসে পড়ে। ওয়ালগুলি ডেম হয়ে গিয়াছে ২য়তলা সিড়িটি উঠানামা খুবই কষ্টকর। এছাড়া বাসাটি প্রায়ঃশ মেরামত করা হলেও ২০/২৫ দিন ভালো থাকলেও পরে পূর্বের অবস্থায় ফিরে যায়। এর ফলে প্রায়ই মেরামতের কারনে অপচয় হচ্ছে। তিনি সভায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি কনডেম ঘোষণার সিদ্ধান্তের জন্য অনুরোধ জানান। | সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনটি কনডেম ঘোষনার জন্য উপজেলা পর্যায়ে কমিটি বাসভবনটি সরে জমিন দেখে কনডেম ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ,উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী,কাউনিয়া, রংপুর। |

চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ও সভাপতি উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা কাউনিয়া, রংপুর অদ্যকার সভায় আলোচ্য বিষয় সমূহের গুরুত্বপূর্ণদিক সমূহ বিস্তারিত পর্যালোচনা করেন। সরকারী বিধি-বিধান অনুসরণ করে উন্নয়ন মূলক কর্মকান্ডে সকলকে সুষ্ঠুভাবে কাজ করার পরামর্শ প্রদান করেন। এছাড়া সকল জনপ্রতিনিধি ও বিভাগীয় কর্মকর্তাগণকে উন্নয়নমূলক কার্যক্রম সমূহ উপজেলা পরিষদের (কার্যক্রম বাস্তবায়ন)বিধিমালা আলোকে সভায় উপস্থাপন করার অনুরোধ জানান এবং বিধি মোতাবেক কাজ করার দিক নির্দেশনা প্রদান করেন। পরিশেষে সভায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(আনোয়ারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা কমিটি
কাউনিয়া, রংপুর।

১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাউনিয়া, রংপুর।
www.kaunia.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫৪২.০০৪.০২.০০৮.২০-৮২৭/১ তারিখঃ ৩১/০৭/২০২৩খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ২২ রংপুর-৪(কাউনিয়া-পীরগাছা)।
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৬। জেলা প্রশাসক, রংপুর।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর।
৮। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
৯। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাউনিয়া, রংপুর ।
১০। মেয়র,হারাগাছ পৌরসভা, হারাগাছ কাউনিয়া, রংপুর।
১১। চেয়ারম্যান, ........................................................................................ (সকল), ইউ,পি কাউনিয়া, রংপুর।
১২। উপজেলা ..............................................................................................অফিসার, কাউনিয়া, রংপুর।
১৩। অফিস কপি।

MHaque
৩১/৭/২৩
(মোঃ মহিদুল হক)
উপজেলা নির্বাহী অফিসার
কাউনিয়া, রংপুর।
ফোন- ০৫২২৪-৫৬০০১
unokaunia@mopa.gov.bd

৪
৩১/৭/২৩